



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড, ঢাকা
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.৯৯.০০১.২৪.৫৪৯২

১৬ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ৩১ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: বেসরকারী মাদ্রাসায় এনটিআরসিএ (NTRCA) এর আওতা বহির্ভূত পদসমূহে নিয়োগ কার্যক্রম পরিচালনায় মহাপরিচালক মহোদয়ের
প্রতিনিধি মনোনয়নের ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজ পত্রাদির তালিকা সংক্রান্ত।

সূত্র: মাশিঅ স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০০.১৮.০০১.১৭.৩৯১৩; তারিখ: ২০ জুলাই ২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি মনোনয়নের জন্য নিম্নোক্ত কাগজপত্রাদিসহ আবেদন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক্রমিক নং	প্রয়োজনীয় কাগজ পত্রাদির তালিকা
০১	মাদ্রাসার নিজস্ব প্যাডে স্মারক, তারিখ, মোবাইল ফোন নম্বর, সচল ইমেইল এড্রেস, নিয়োগযোগ্য পদ/পদসমূহ উল্লেখপূর্বক প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষরিত ও সভাপতি কর্তৃক অনুস্বাক্ষরিত আবেদনপত্র।
০২	পদ শূন্য ঘোষণার ও পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের রেজুলেশনের কপি।
০৩	যাচাই বাছাই কমিটি ও নিয়োগ বোর্ড গঠনের রেজুলেশনের কপি।
০৪	জাতীয় ও স্থানীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিসহ পত্রিকার মূল কপি।
০৫	প্রয়োজ্য ক্ষেত্রে ব্যাংক কর্তৃক প্রদত্ত অনুত্তোলন (Non-Drawl) সনদের এর মূল কপি, পদত্যাগপত্র এবং মৃত্যু সনদ।
০৬	প্রতিষ্ঠানের সর্বশেষ এমপিও এবং বেতন বিলের কপি।
০৭	হালনাগাদ স্বীকৃতি/অধিভুক্তি এবং গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি অনুমোদনের কপি।
০৮	প্রতিষ্ঠানের হালনাগাদ শিক্ষার্থীর তালিকা এবং সর্বশেষ তিন বছরের পাবলিক পরীক্ষার ফলাফল বিবরণী।
০৯	সর্বশেষ জনবল কাঠামো অনুসারে আবেদনকৃত পদের প্রাপ্যতা আছে মর্মে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র।
১০	নিয়োগযোগ্য পদের বিরুদ্ধে মহামান্য আদালতের স্থগিতাদেশ নেই মর্মে ৩০০ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে লিখিত হলফনামার মূলকপি। (সভাপতি ও প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যেক পৃষ্ঠা স্বাক্ষরিত)।
১১	কর্মরত শিক্ষক-কর্মচারীর জ্যেষ্ঠতার তালিকা (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যেক পৃষ্ঠা স্বাক্ষরিত)।
১২	চাহিত পদে আবেদনকৃত বৈধ প্রার্থীদের পদ ভিত্তিক তালিকা।
১৩	কম্পিউটার ল্যাব অপারেটর পদের ক্ষেত্রে সরকার প্রদত্ত কম্পিউটার ল্যাব আছে মর্মে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রত্যয়নপত্র, ল্যাব প্রাপ্তির মন্ত্রনালয়ের আদেশের কপি ও ল্যাব স্থাপন সংক্রান্ত চুক্তিনামা।
১৪	গবেষণাগার/ ল্যাব সহকারী পদের ক্ষেত্রে বিজ্ঞান ল্যাব চালু আছে মর্মে নির্ধারিত ফরমেটে অতিরিক্ত জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী কর্মকর্তার প্রত্যয়নপত্র ও বিজ্ঞান বিভাগ খোলার বোর্ডের অনুমতিপত্র। www.dme.gov.bd ওয়েবসাইট হতে নমুনা ফরমেট সংগ্রহ করা যাবে।

সকল কাগজপত্র প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত হতে হবে। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.১৫.০০২.১৫-৬৮১ তারিখ: ০৬ জুন ২০২৩ অনুযায়ী বেসরকারী মাদ্রাসায় এনটিআরসিএ (NTRCA) এর আওতা বহির্ভূত পদসমূহে নিয়োগ কার্যক্রম পরিচালনার জন্য অনুসরণীয় নির্দেশমালা প্রতিপালন সাপেক্ষে নিয়োগ কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

উল্লেখ্য মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি মনোনয়ন সংক্রান্ত আদেশ আবেদনপত্রে উল্লেখিত ইমেইলে প্রেরণ করা হয়।



৩১-০৭-২০২৪

মো: জাকির হোসাইন

উপ-পরিচালক

৪১০৩০১৬৩

ddadmeb@gmail.com

অধ্যক্ষ/সুপার/সভাপতি (সকল মাদ্রাসা)।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.৯৯.০০১.২৪.৫৪৯২/১ (৫)

তারিখ: ১৬ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
৩১ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব, মাদ্রাসা অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;
- ২। সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ;
- ৩। অধিদপ্তরের সকল কর্মকর্তা (উপ-পরিচালক, প্রাশাসন, মাশিঅ-এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৪। অধ্যক্ষ/সুপার/সভাপতি (সকল মাদ্রাসা) এবং
- ৫। ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।



৩১-০৭-২০২৪

বেনজীর আহমেদ

সহকারী পরিচালক